

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাজিপুর, সিরাজগঞ্জ।
kazipur.sirajganj.gov.bd

স্মারক নং: ০৫.৪৩.৮৮৫০.০০১.১৩.০০২.১৪-১ ৫০


তারিখ: ১২.০২.২০১৯ খ্রি।

বিষয়: ওয়েবপোর্টাল হালনাগাদকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে এটুআই প্রোগ্রামের আওতায় ইউনিয়ন থেকে শুরু করে মন্ত্রণালয়/বিভাগ পর্যন্ত একই ফেমওয়ার্কে জাতীয় তথ্য বাতায়ন নির্মাণ করা হয়েছে। প্রত্যেক দপ্তরের ওয়েব পোর্টাল তথ্যে সমৃদ্ধ, মানসম্মত ও জনবান্ধব করা বাঞ্ছনীয়। কিন্তু আপনার ইউনিয়নের ওয়েব পোর্টাল ভিজিট করে দেখা যায় যে, নোটিশ, খবর, ইউনিয়নের সাধারণ তথ্য, ইউপি চেয়ারম্যান, ইউপি সদস্য, ইউপি সচিব, গ্রাম পুলিশ, বাজেট, গ্রাম আদালত মামলার তথ্য, বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, বিভিন্ন প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা, বিভিন্ন তালিকা (হত দরিদ্র, মাতৃত্বকালীন, ভিজিডি, বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ভাতা), প্রকল্পসমূহ (এলিজএসপি, এডিপি, কাবিখা, কাবিটা, টিআর ইত্যাদি) ফটোগ্যালারি, ভিডিও গ্যালারি, ইউডিসির তথ্যসহ অন্যান্য তথ্যাদি হালনাগাদ নেই।

২। ওয়েব পোর্টাল হালনাগাদ রাখার লক্ষ্যে আপনার ইউডিসির ১ জন উদ্যোক্তাকে জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয় হতে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আপনার ইউনিয়নের উপরিলিখিত তথ্যাদিসহ অন্যান্য তথ্য হালনাগাদ রাখার জন্য ইউডিসির উদ্যোক্তাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানপূর্বক তথ্য সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান ইউপি (সকল)
কাজিপুর, সিরাজগঞ্জ।


মোঃ জাহিদ হাসান সিদ্দিকী
উপজেলা নির্বাহী অফিসার
কাজিপুর, সিরাজগঞ্জ।
ফোন: ০৭৫২৫৫৬১১১
unokazipur@mopa.gov.bd

স্মারক নং: ০৫.৪৩.৮৮৫০.০০১.১৩.০০২.১৪-

তারিখ: ১২.০২.২০১৯ খ্রি।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাজিপুর, সিরাজগঞ্জ।

মোঃ জাহিদ হাসান সিদ্দিকী
উপজেলা নির্বাহী অফিসার
কাজিপুর, সিরাজগঞ্জ।